দৈনিক বাংলা

তারিখ ..30 JAN 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৯ ...

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত রাখুন ঃ পর্যটন প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী আবদুল মান্নান শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত রাখার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার উদ্যোগ নিয়েছিলেন। তিনি বৃহস্পতিবার মিরপুর ডিগ্রী কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করছিলেন।

আজিজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন মহানগর ছাত্রদল সভাপতি আবুল খায়ের ভুঁইয়া। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সংসদ সদস্য ও ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান, সংসদ সদস্য জয়নাল আবেদীন ফারুক, বিএনপির ছাত্র বিষয়ক উপদেষ্টা এডভোকেট মুজিবুর রহমান, মিরপুর উপনির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী সৈয়দ মোহাম্মদ মহসীন, আনসার আলী জয়, তরিকুল ইসলাম মুক্তি, মীর সারোয়ার আলী পিন্টু, মঞ্জুরুল হক, ফকির আফসার, মামুন হাসান ও আরিফুল ইসলাম আরিফ।

বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী আবদুল মান্নান বলেন, ৭৫ সালে একদলীয় শাসন গঠনের মাধ্যমে একদলীয় শাসন ব্যবস্থা চালু করা হয়। শহীদ প্রেসিডেন্ট জিয়া গণতন্ত্র ফিরিয়ে দিয়েছিলেন। তিনি চালু করেছিলেন দেশ গড়ার রাজনীতি। তিনি শিক্ষাঙ্গনের পবিত্রতা রক্ষার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান। বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী বলেন, মিরপুর ডিগ্রী কলেজের সকল সমস্যা সমাধানে সরকারী উদ্যোগ নেয়া হবে এবং পর্যায়ক্রমে তার সমাধান করা হবে। আসন্ন জাতীয় সংসদের উপনির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীকে ভোট দেয়ার জন্য তিনি আহবান জানান।

## ছাত্রদলে যোগদানকারীদের প্রতি আমান

ডাকসুর ভিপি ও সংসদ সদস্য আমান উল্লাহ আমান শিক্ষাঙ্গনে শান্তি-শৃংখলা বজায় রাখার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান। তিনি জাসদ সমর্থিত ছাত্রলীগ, ছাত্রমৈত্রী ও ছাত্র ইউনিয়ন থেকে আগত কর্মীদের জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান করার জন্য অভিনন্দন জানান।

বৃহস্পতিবার মিরপুর ডিগ্রী কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানে জাসদ (ইনু) সমর্থিত ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন ও ছাত্রমৈত্রীর বিপুল সংখ্যক কর্মী জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান করেন। ডাকসুর ভিপি ও সংসদ সদস্য আমান উল্লাহ আমান তাদেরকে রজনীগন্ধা ফুল দিয়ে স্বাগত জানান। জাসদ (ইনু) সমর্থিত ছাত্রলীগের মিরপুর শাখার সভাপতি আরিফুল ইসলাম আরিফ বলেন, শহীদ জিয়ার আদর্শে অনুপ্রাণিত হয়ে জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান করলাম।